# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ৫৩. প্রেরিতগণের নামের তালিকায় বৈপরীত্য

ইঞ্জিলের অন্যতম আলোচ্য এবং খ্রিষ্টধর্মের মৌলিক বিষয় যীশুর দ্বাদশ প্রেরিত শিষ্য (apostles) বা সাহাবী। অবিশ্বাস্য হলেও সত্য যে, তাঁদের নামের বিষয়ে ইঞ্জিলগুলোর মধ্যে বৈপরীত্য রয়েছে। মথি ১০/২-৪, মার্ক ৩/১৪-১৯, লূক ৬/১৩-১৬ এবং প্রেরিত ১/১৩-১৪ ভালভাবে মিলিয়ে পড়লে পাঠক এ বৈপরীত্য জানতে পারবেন।

মথি, মার্ক ও লূক ১১ জন শিষ্যের নামের বিষয়ে ঐকমত্য পোষণ করেছেন, এর হলেন: ১. শিমোন পিতর, ২. আন্দ্রিয় (পিতরের ভাই), ৩. সিবদিয়ের পুত্র যাকোব, ৪. যোহন (যাকোবের ভাই), ৫. ফিলিপ, ৬. বর্থলময়, ৭. থোমা, ৮. মথি, ৯. আল্ফেয়ের পুত্র যাকোব, ১০. মৌলবাদী, উগ্রধর্মা বা উদ্যোগী শিমোন ও ১১. ঈষ্করিয়োতীয় যিহূদা। দ্বাদশ শিষ্যের নামের বিষয়ে তারা মতভেদ করেছেন।

মথি বলেন: এ ১২নং শিষ্যের নাম লিবিবয়াস, যার বংশনাম বা পদবি ছিল থাদ্দেয়াস (Lebbe'us, whose surname was Thaddeus) (মথি ১০/২-৪)।

মার্ক লেখেছেন যে, এই দ্বাদশ শিষ্যের নাম "থদ্দেয়"। (মার্ক ৩/১৪-১৯)

মথি ও মার্কের তালিকা মূলত একই। কিন্তু লূকের ইঞ্জিল ও 'প্রেরিত' পুস্তকের বর্ণনা সাংঘর্ষিক। উভয় পুস্তকে বলা হয়েছে যে, দ্বাদশ শিষ্যের নাম যিহূদা বা এহুদা। লূক ৬/১৬ এবং প্রেরিত ১/১৩ ইংরেজি কিং জেমস ভার্শন: "Judas the brother of James: যাকোবের ভাই যিহূদা/ ইয়াকুবের ভাই এহুদা"। কিন্তু উভয় শ্লোকই রিভাইজড স্টান্ডার্ড ভার্শনে: "Judas the son of James: যাকোবের পুত্র যিহুদা/ ইয়াকুবের ছেলে এহুদা।" (লূক ৬/১৬)। বাংলা অনুবাদে কেরি: "যাকোবের পুত্র (বা ভ্রাতা) যিহূদা"। কিতাবুল মোকাদ্দস-২০০৬: "ইয়াকুবের ছেলে এহুদা।" আর কিতাবুল মোকাদ্দস-২০১৩: "ইয়াকুবের (পুত্র) এহুদা।"

খ্রিষ্টান প্রচারকরা দাবি করেন যে,সম্ভবত একই ব্যক্তির তিন নাম ছিল। লিবিবয়াস, থদ্দেয় এবং ইয়াকুবের পুত্র এহুদা! একান্ত অনুমান ছাড়া এ অদ্ভুত দাবির পক্ষে তারা কোনো প্রমাণ দিতে পারেন না। আর একই ঈশ্বর বা পবিত্র আত্মার রচিত একই পুস্তকের তিন স্থানে একই ব্যক্তির তিন নাম উল্লেখ করাও বিস্ময়কর।

যোহন উপরের তিন ইঞ্জিল লেখকের বিপরীত তথ্য দিয়েছেন। তিনি উল্লেখ করেছেন যে, প্রেরিতগণের সংখ্যা ১২ (যোহন: ৬/৬৭; ৬/৭১; ২০/২৪); বিভিন্ন স্থানে তাঁদের কয়েকজনের নাম একত্রে উল্লেখ করেছেন ( যোহন ১৩/২৩; ১৯/২৬; ২০/২; ২১/৭; ২১/২০); তবে 'বার' জনের একত্র তালিকা দেননি।

তিনি প্রেরিতগণের মধ্যে ফিলিপের (Philip) সাথী হিসেবে বর্থলময় (Bartholomew)-এর স্থলে 'গালীলের কানা নগরের' নথনেল (Nathanael of Cana in Galilee) নামে একজনকে অন্তর্ভুক্ত করেছেন (যোহন ১/৪৫-৪৯; ২১/২) যার নাম প্রথম তিনজন কোথাও লেখেননি। উল্লেখ্য যে, বর্থলময়ের নাম তিন ইঞ্জিলে তিন স্থানে উল্লেখ করা হয়েছে এবং প্রেরিতদের কার্যবিবরণের মধ্যেও একস্থানে শিষ্যদের সাথে তাঁর নাম উল্লেখ করা হয়েছে (মথি

১০/৩; মার্ক ৩/১৮; লূক ৬/১৪; প্রেরিত ১১/১৩)। কিন্তু নথনেল নাম যোহনের ইঞ্জিল ছাড়া আর কোথাও পাওয়া যায় না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14135

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন